

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০৪৭

পর্ব-৭: সওম (রোযা) (১ ত্রান্)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - নফল সিয়াম প্রসঙ্গে

بَابُ صِيَامِ التَّطَوُّعِ

### আরবী

وَعَنْ أَبِي أَيُّوبَ الْأَنْصَارِيِّ أَنَّهُ حَدَّتُهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَنْ صَامَ رَمَضَانَ ثُمَّ أَتْبَعَهُ سِتًّا مِنْ شَوَّال كَانَ كصيام الدَّهْر». رَوَاهُ مُسلم

#### বাংলা

২০৪৭-[১২] আব্ আইয়ূব আল আনসারী (রাঃ) হতে বর্ণিত। তিনি এ হাদীসটি বর্ণনা করেছেন যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি রমাযান (রমজান) মাসের সওম রাখবে। এরপর সে শাওয়াল মাসের ছয়টি সওমও রাখবে তাহলে সে একাধারে সওম পালনকারী গণ্য হবে। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ: মুসলিম ১১৬৪, তিরমিয়া ৭৫৯, আবূ দাউদ ২৪৩৩, দারিমা ১৭৫৪, সহীহ ইবনু খুযায়মাহ্ ২১১৪, সহীহ ইবনু হিব্বান ৩৬৩৪, মুসান্নাফ 'আবদুর রায্যারু ৭৯১৮, আহমাদ ২৩৫৩৩, মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৩৯০৮, সুনানুল কুবরা লিল বায়হাকী ৮৪৩১, সহীহ আত্ তারগীব ১০০৬।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে দলীল রয়েছে যে, শাওয়াল মাসে ছয়িটি সিয়াম পালন করা মুস্তাহাব। আর এটাই ইমাম শাফি'ঈ, ইমাম আহমাদ, দাউদ (রহঃ) এবং হানাফী মাযহাবের মুতাআখখিরীন 'উলামাগণের মত। তবে ইমাম মালিক ও ইমাম আবৃ হানীফাহ (রহঃ)-এর মতে এ সিয়াম পালন করা মাকরাহ।

কতিপয় হানাফী 'আলিমগণ বলেন যে, ইমাম আবূ হানীফাহ্ (রহঃ)-এর শাওয়াল মাসের ছয়টি সিয়াম পালন করা মাকরহ বলা দ্বারা উদ্দেশ্য হলোঃ ঈদুল ফিতরের দিনসহ পরবর্তী পাঁচদিন সিয়াম পালন করা মাকরহ। ঈদুল ফিতর বাদে পরবর্তী ছয়দিন সিয়াম পালন করলে তা কখনই মাকরহ হবে না। বরং তা মুস্তাহাব এবং সুন্নাত।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন